

# International Crimes Strategy Forum (ICSF)

101, White Chapel High Street, Ground Floor, London E1 7RA, United Kingdom

## বিচারহীনতার সমাপ্তির শুরু: প্রধান প্রসিকিউটর বনাম আবুল কালাম আযাদ (ওরফে বাচ্চু রাজাকার) মামলার রায়

ইন্টারন্যাশনাল ক্রাইমস স্ট্র্যাটেজি ফোরাম (আইসিএসএফ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ কর্তৃক জনাব আবুল কালাম আযাদের বিরুদ্ধে ঘোষিত সর্বপ্রথম রায়কে স্বাগত জানাচ্ছে। জনাব আযাদ জামায়াতে ইসলামীর একজন সাবেক নেতা, যিনি ১৯৭১ সালে মানবতার বিরুদ্ধে অপরাধ ও গণহত্যা সংঘটনের দায়ে অভিযুক্ত হয়ে বিচারের মুখোমুখি হয়েছিলেন।

আইসিএসএফ বিশ্বব্যাপী ১৩টি ভিন্ন সংগঠন ও বিভিন্ন ব্যক্তির সমন্বয়ে ২০০৯ সালে গঠিত একটি ফোরাম, যারা ১৯৭১ সালে সংঘটিত আন্তর্জাতিক অপরাধের বিচারের মাধ্যমে বিচারহীনতার সংস্কৃতির অবসান, আইনের শাসন ও সুবিচার প্রতিষ্ঠা এবং ১৯৭১ সালে নিহত ও ক্ষতিগ্রস্ত মানুষের জন্যে ন্যায়বিচার প্রতিষ্ঠায় নিরন্তর সক্রিয়।

আইসিএসএফ এই প্রথম রায়কে ১৯৭১ সালে সংঘটিত আন্তর্জাতিক অপরাধের পর চার দশকব্যাপী চর্চিত এক বিচারহীনতার সংস্কৃতির অবসানের প্রারম্ভচিহ্ন এবং আক্রান্ত বিচারপ্রার্থী মানুষের জন্যে আশার আলোকবর্তিকা বলে বিবেচনা করে। এই রায় আইনের শাসনকে বলিষ্ঠতর করে তুলেছে।

এই ক্রান্তিলগ্নে এসে আইসিএসএফ ১৯৭১ সালে নিহত ও ক্ষতিগ্রস্ত মানুষ ও তাঁদের ত্যাগের কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছে, যার ওপর ভিত্তি করে বাংলাদেশ গড়ে উঠেছে। তাঁদের ওপর চালানো পৈশাচিক অপরাধের বিচারের ধারায় এই রায় তাঁদের আত্মার জন্যে গভীর প্রশান্তি বয়ে আনবে। বিচারের জন্যে দেশের সংস্কৃদ্ধ মানুষের বিরতিহীন সক্রিয়তা ও প্রচারণা শত বিপত্তির প্রাচীর পেরিয়ে এই দিনটি আমাদের উপহার দিয়েছে।

জনাব আযাদ গ্রেফতার এড়িয়ে তদন্ত চলাকালে তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা প্রস্তুতির পর্যায়ে কৌশলে পলায়ন ও দেশত্যাগ করেন। যথাযথ তদন্তের পর প্রসিকিউশন তার বিরুদ্ধে যথেষ্ট প্রমাণসম্বলিত মামলা দায়ের করেন, যা ট্রাইব্যুনাল-২ বিশ্লেষণ করে আমলে নেন। অভিযুক্ত ব্যক্তির অনুপস্থিতিতে ‘আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনালস) আইন ১৯৭৩’ এর অধীনে ট্রাইব্যুনাল-২ এই বিচার কার্যক্রম ‘ইন এবসেনশিয়া’ পরিচালনা করার সিদ্ধান্ত নেন এবং অভিযুক্তের পক্ষে মামলা লড়ার জন্যে সুদক্ষ আইনজীবী নিয়োগ করেন। উন্মুক্ত আদালতে এই বিচার চলে, যেখানে ট্রাইব্যুনাল-২ অভিযুক্তের বিরুদ্ধে প্রসিকিউশন কর্তৃক উত্থাপিত সাক্ষ্য-প্রমাণ বিশ্লেষণ করেন এবং অভিযুক্তের পক্ষে তার আইনজীবী কর্তৃক উত্থাপিত যুক্তি ও প্রসিকিউশনের বিরুদ্ধে দেয়া প্রতियুক্তি বিশ্লেষণ করেন।

প্রেরক:

রায়হান রশিদ, মাহবুব আজাদ

সদস্য

ইন্টারন্যাশনাল ক্রাইমস স্ট্র্যাটেজি ফোরাম (আইসিএসএফ)

PHONE

+44 7533307219

EMAIL

icsf.workgroup@gmail.com

WEB

<http://icsforum.org>